# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৯/ ২০৪/২      তারিখঃ ২৭/১০/১৯ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৯/১০/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) জঙ্গিবাদ, ভিক্ষাবৃত্তি, ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে বিভিন্ন সচেতনতা এবং উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে আলোচনা।
৩) বিবিধ।

২৭/১০/১৯ইং

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------
-------------------------------
সদস্য/ সদস্য-সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশ্লিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ [২৯/১০/১৯ইং], সকাল ঃ [১২.০০ ঘটিকা]

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | [signature] ২৯/১০/১৯ইং |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | [signature] |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | সদস্য | [signature] ২৯/১০/১৯ইং |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | রাবেয়া বেগম ২৯/১০/১৯ইং |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | [signature] ২৯/১০/১৯ইং |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | [signature] ২৯/১০/১৯ইং |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | [signature] ২৯/১০/১৯ইং |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২৯/১০/২০১৯ খ্রিঃ।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | জঙ্গিবাদ, ভিক্ষাবৃত্তি, ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে বিভিন্ন সচেতনতা এবং উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব সালেহা খানম বলেন - বর্তমান সরকারের কঠোর অবস্থানের কারনে জঙ্গিবাদ নিয়ন্ত্রণে এসেছে তবে পুরপুরি নির্মূল করা সম্ভব হয়নি। তাই আমাদের সকলকে এই জঙ্গিবাদের বিরুদ্ধ সচেতন থাকতে হবে পাশাপাশি সন্দেহভাজন কাউকে দেখলে বা মনে হলে ৯৯৯ নম্বরে পুলিশ কন্ট্রোল রুমে কল দিয়ে জানাতে হবে। আমরা লক্ষ্য করলে দেখতে পাই যে অনেক শারীরিকভাবে সক্ষম ব্যক্তি আছে যারা ভিক্ষার মতো নিচু কাজ করে এসল ব্যক্তিদেরকে সচেতনতা মূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়ে যে কোন একটি কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারলে ভিক্ষাবৃত্তি অনেক আংশে কমে আসবে। পাশাপাশি ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করতে হবে। | জঙ্গিবাদ, ভিক্ষাবৃত্তি, ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

২৯।১০।১৯

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব.......................................... নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৩। ..........................................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

২৯।১০।১৯ ইং

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।